

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৩৩
আগরতলা, ৮ অক্টোবর, ২০২৫

চিকিৎসিত কিশোরীকে সরকারি খরচে নয়াদিল্লীস্থিত এইমস-এ পাঠানো হচ্ছে

পশ্চিম জয়নগর এর ১৫ বছরের কিশোরীকে গত ৩ অক্টোবর মুম্বই অবস্থায় জিবিপি হাসপাতালের ইমার্জেন্সি মেডিসিন ডিপার্টমেন্ট এ ভর্তি করা হয়। তাকে শারীরিক নিগ্রহ করে গলায় বিষ ঢেলে দেওয়ার অভিযোগ জানানো পাওয়া যায়। এই পরিপ্রেক্ষিতে, এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে একটি মেডিক্যাল টিম গঠন করা হয়েছে। এই টিমের চেয়ারম্যান হলেন মেডিসিন বিশেষজ্ঞ প্রফেসর (ডাঃ) অরুণাভদাশগুপ্ত, প্রফেসর (ডাঃ) জে এল বৈদ্য অ্যাসোসিয়েট প্রফেসর (ডাঃ) নীলোৎপল চাকমা, (ডাঃ) শুভজিৎ পাল। এই বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শের ভিত্তিতেই কিশোরীটিকে উন্নত চিকিৎসার জন্য বহিরাগ্যে পাঠানো হচ্ছে। এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট জানান যে কিশোরীটির উন্নত চিকিৎসার জন্য সম্পূর্ণ সরকারি খরচে নয়াদিল্লীস্থিত এইমস-এ পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।
